# বার্ষিক প্রতিবেদন

# (২০২৫-২৬ অর্থবছর)

# বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)

**ভূমিকা:**

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন সংবিধিবদ্ধ সংস্থা এবং দেশের একমাত্র ফিল্ম ইনস্টিটিউট। ইনস্টিটিউটের প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম অস্থায়ী কার্যালয় ঢাকার কল্যাণপুরস্থ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর অডিটোরিয়াম ভবনে চলমান রয়েছে। চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পের বিকাশে দক্ষ ও প্রযুক্তিজ্ঞানসম্পন্ন মানবসম্পদ তৈরি করা এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য।

**লক্ষ্য:**

চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পের দক্ষ ও প্রযুক্তিজ্ঞানসম্পন্ন নির্মাতা ও কলাকুশলী সৃষ্টির মধ্যদিয়ে এ শিল্পের সার্বজনীন উৎকর্ষ সাধনের পাশাপাশি আন্তর্জাতিক পরিমন্ডলেও এর অবস্থান সুনিশ্চিত করা।

**উদ্দেশ্য:**

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ আয়োজনের মধ্য দিয়ে আগ্রহী প্রশিক্ষণার্থীদের ডিগ্রি ও সার্টিফিকেট প্রদান একইসাথে একাডেমিক প্রশিক্ষণ এবং ব্যবহারিক প্রোডাকশন তৈরির সুযোগ প্রদানের মধ্যদিয়ে চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পের জন্য যোগ্য ও দক্ষ নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করা।

**কার্যাবলী:**

(ক) চলচ্চিত্র শিল্প ও টেলিভিশন মাধ্যমে দক্ষতা সম্পন্ন মানবসম্পদ সরবরাহ করার লক্ষ্যে তরুণ শিক্ষার্থীদের চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালনা এবং কোর্সের আওতায় ব্যবহারিক ডিপ্লোমা প্রোডাকশন, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও টেলিভিশন প্রোডাকশন নির্মাণ।

(খ) চলচ্চিত্র ও টেলিভিশন সংশ্লিষ্ট সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন।

(গ) চলচ্চিত্র ও টেলিভিশন সংক্রান্ত উৎসব আয়োজন করা (প্রতিষ্ঠাবার্ষিকী, চলচ্চিত্র উৎসব, টিভি প্রোডাকশন প্রদর্শন ও পুরস্কার প্রদান)।

(ঘ) চলচ্চিত্র ও টেলিভিশন সংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও যৌথ কর্মসূচি গ্রহণ।

(ঙ) জাতীয় চলচ্চিত্র ও টেলিভিশন সম্প্রচারের নীতিনির্ধারণ ও সার্বিক অগ্রগতির লক্ষ্যে সরকারকে সহযোগিতা প্রদান।

(চ) জাতীয় ও আন্তর্জাতিক ফোরামে চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পে বাংলাদেশের প্রতিনিধিত্ব করা।

(ছ) চলচ্চিত্র নির্মাণ বিষয়ক ০২ (দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পরিচালনা।

(জ) টেলিভিশন অনুষ্ঠান ও বিভিন্ন প্লাটফর্মে কনটেন্ট নির্মাণ বিষয়ক ০৬ (ছয়) মাস মেয়াদি স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পরিচালনা।

(ঝ) স্বল্প ও মধ্য মেয়াদি বেসিক ও স্পেশালাইজড টেলিভিশন ও সিনে-ক্যামেরা অপারেশন এন্ড টেকনিকস কোর্স, চলচ্চিত্র ও টেলিভিশনে সম্পাদনা, চলচ্চিত্র ও টেলিভিশনের জন্য শব্দগ্রহণ ও প্রয়োগ বিষয়ক ব্যবহারিক কোর্স, চলচ্চিত্র ও টেলিভিশনে অভিনয়, চলচ্চিত্র অনুধাবন (Appreciation) কোর্স ও চিত্রনাট্য লিখন কোর্সসহ বিভিন্ন কারিগরি কোর্স পরিচালনা।

(ঞ) বিসিটিআই-এর নিজস্ব লাইব্রেরির মাধ্যমে শিক্ষার্থী ও চলচ্চিত্র বিষয়ে আগ্রহীদের সেবা প্রদান।

(ট) চলচ্চিত্র ও টেলিভিশন সংক্রান্ত জার্নাল প্রকাশ।

(ঠ) চলচ্চিত্র ও টেলিভিশন সংক্রান্ত বিষয়ে পাঠ্যপুস্তক প্রকাশ।

(ড) চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা।

(ঢ) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষক ও ব্যক্তিবর্গের অংশগ্রহণে হাইব্রিড (অনলাইন) ক্লাস পরিচালনা।

**বিগত এক বছরে বিসিটিআই উল্লেখযোগ্য কার্যক্রম:**

**২০২৫-২০২৬ অর্থবছরে আয়োজিত কোর্সসমূহের তালিকা:**

| ক্রম | বিষয় | প্রশিক্ষণার্থী সংখ্যা | কোর্সের মেয়াদ |
|---|---|---|---|
| ০১ | চিত্রনাট্য লিখন কোর্স-১ | ২৫ জন | ১১ জানুয়ারি ২০২৫ খ্রি. থেকে ২০ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ১০ দিন মেয়াদে আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত। |
| ০২ | প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স-১ | ২৫ জন | |
| ০৩ | বেসিক ফিল্ম কোর্স-১ | ২৫ জন | |
| ০৪ | চলচ্চিত্র সম্পাদনা কোর্স-১ | ২৫ জন | |
| ০৫ | সেট ডিজাইন কোর্স-১ | ২৫ জন | |
| ০৬ | চিত্রনাট্য লিখন কোর্স-২ | ৩০ জন | ২১ জানুয়ারি ২০২৫ খ্রি. থেকে ৩০ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ১০ দিন মেয়াদে আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত। |
| ০৭ | প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স-২ | ৩০ জন | |
| ০৮ | বেসিক ফিল্ম কোর্স-২ | ৩০ জন | |
| ০৯ | চলচ্চিত্র সম্পাদনা কোর্স-২ | ৩০ জন | |
| ১০ | সেট ডিজাইন কোর্স-২ | ৩০ জন | |
| ১১ | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ৪৫ জন | ৫ এপ্রিল, ২০২৬ খ্রি.–৩০জুন, ২০২৬খ্রি. |
| ১২ | ৬ষ্ঠ চিত্রনাট্য লিখন প্রশিক্ষণ কোর্স | ১১ জন | ৫ এপ্রিল, ২০২৬ খ্রি.–১৪ মে, ২০২৬ খ্রি. |
| ১৩ | ৪র্থ চলচ্চিত্র ও টেলিভিশন সম্পাদনা প্রশিক্ষণ পাঠ্যধারা | ১৪ জন | ৫ এপ্রিল, ২০২৬ খ্রি.–১৪ মে, ২০২৬ খ্রি. |
| ১৪ | ২য় বেসিক ফিল্ম কোর্স | ১১ জন | ৫ এপ্রিল, ২০২৬ খ্রি.–১৪ মে, ২০২৬ খ্রি. |
| ১৫ | ৯ম চলচ্চিত্র ও টেলিভিশন অভিনয় প্রশিক্ষণ কোর্স | ১৫ জন | ৫ এপ্রিল, ২০২৬ খ্রি.–১৪ মে, ২০২৬ খ্রি. |
| ১৬ | ১ম টেলিভিশন অনুষ্ঠান ও বিভিন্ন প্লাটফর্মে কনটেন্ট নির্মাণ কোর্স | ১০ জন | ৫ এপ্রিল,২০২৬ খ্রি.–৩ জুন, ২০২৬ খ্রি. |

**বর্তমানে চলমান কোর্সসমূহ:**

| ক্রম | কোর্সের নাম | মেয়াদ | প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | চলচ্চিত্র নির্মাণ বিষয়ক ৭ম বিশেষায়িত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স (৪র্থ সেমিস্টার চলছে) | ০২ বছর | ১৬ জন |

**২০২৫-২০২৬ অর্থবছরে নির্বাচনী ইশতেহার অনুযায়ী বিসিটিআই আয়োজিত কর্মশালা/সেমিনার মোট ১৩টি:**

| ক্রম | বিষয়বস্তুর বর্ণনা | কর্মশালার তারিখ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | ৩৬ জুলাই গণঅভ্যুত্থানের গুরুত্ব ও তাৎপর্য রক্ষায় করণীয়" বিষয়ক সেমিনার | ০৪ আগস্ট, ২০২৫ খ্রি. | ৪৩ |
| ০২ | চলচ্চিত্র শিল্পের সংকট অনুসন্ধান ও উত্তরণে তরুণদের প্রাতিষ্ঠানিক চলচ্চিত্র শিক্ষার গুরুত্ব: প্রেক্ষিত বিসিটিআই" বিষয়ক কর্মশালা | ২২ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. | ৪১ |
| ০৩ | জার্নাল সম্পাদনা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী জার্নাল ১৪তম সংখ্যার লেখা আহ্বানের বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত লেখার লেখকদের অংশগ্রহণে কর্মশালা | ৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রি. | ৩৫ |
| ০৪ | চলচ্চিত্রে অপসংস্কৃতি নিরুৎসাহিত করে গণতান্ত্রিক সংস্কৃতিকে উৎসাহিত করার লক্ষ্যে দেশীয় উপাদানে কন্টেন্ট নির্মান ও জাতীয় ভাবধারাপন্থী গণতান্ত্রিক সংস্কৃতিকে উৎসাহ প্রদানের জন্য চলচ্চিত্র সমালোচনার গুরুত্ব | ১১ মে ২০২৬ খ্রি. | ১৪৫ |

২৭/০৭/২০২৬

| ক্রম | বিষয়বস্তুর বর্ণনা | কর্মশালার তারিখ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ০৫ | ঐতিহাসিক চলচ্চিত্র এবং ঐতিহাসিক বিষয়বস্তু অবলম্বনে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে সঠিক ইতিহাস উপস্থাপন এবং অপতথ্য প্রদান রোধ | ১২ মে ২০২৬ খ্রি. | ১৪৩ |
| ০৬ | চলচ্চিত্র ও বিজ্ঞাপন পরিবেশনা ও বিপণনে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) প্রযুক্তির ব্যবহার এর মাধ্যমে গুজব ও অপতথ্য বিস্তার রোধ কৌশল শীর্ষক কর্মশালা | ১৪ মে ২০২৬ খ্রি. | ১১৪ |
| ০৭ | জনপ্রিয় গণমাধ্যম হিসেবে চলচ্চিত্র এর গুরুত্ব, চলচ্চিত্র প্রযোজনা, চলচ্চিত্রসহ গণমাধ্যমের ওপর আগ্রাসন রোধ এবং দেশীয় ও আন্তর্জাতিক অঙ্গনে দেশীয় চলচ্চিত্রের পরিবেশনা | ১৫ মে ২০২৬ খ্রি. | ১১৫ |
| ০৮ | বাংলাদেশের প্রেক্ষাপটে চলচ্চিত্র শিক্ষার প্রয়োজনীয়তা এবং বিভাগীয় ও জেলা পর্যায়ে বিসিটিআইয়ের প্রশিক্ষণ সম্প্রসারণের গুরুত্ব | ১৯ মে ২০২৬ খ্রি. | ১৯৪ |
| ০৯ | প্রেক্ষাপট সাংস্কৃতিক সমরূপতা: চলচ্চিত্রের সংগীতে 'ব্র্যান্ডিং বাংলাদেশ | ২২ মে ২০২৬ খ্রি. | ৭২ |
| ১০ | বিশেষ শ্রেণীর চলচ্চিত্র নির্মাণ, প্রদর্শন ও এর মাধ্যমে পেশাদারিত্ব বৃদ্ধি, সমস্যা ও সম্ভাবনা | ২৩ মে ২০২৬ খ্রি. | ১১৯ |
| ১১ | নারীকেন্দ্রিক চলচ্চিত্রে নারী সুরক্ষা ও দেশীয় সংস্কৃতিকে গুরুত্ব দিয়ে গল্পবলার ধরণ (কনসেপ্ট টু স্টোরি টেলিং) | ০৯ জুন ২০২৬ খ্রি. | ১৫৩ |
| ১২ | শ্রেনীর চলচ্চিত্র নির্মাণ, প্রদর্শন এবং এর মাধ্যমে কর্মক্ষেত্রে পেশাদারিত্ব বৃদ্ধি, সমস্যা ও সম্ভাবনা' | ১০ জুন ২০২৬ খ্রি. | ১৩৩ |
| ১৩ | চিত্রনাট্য রচনা ও গল্প বলার ধরণ এবং চলচ্চিত্রসহ গণমাধ্যমের নৈতিকতা ও পেশাদারিত্ব নিশ্চিতকরণে জবাবদিহিমূলক নিয়ন্ত্রণ কাঠামো গঠনের প্রয়োজনীয়তা | ১৫ জুন ২০২৬ খ্রি. | ১৫২ |

## ২০২৫-২০২৬ অর্থবছরে বিসিটিআই আয়োজিত কোর্স প্রোডাকশন মোটচ ৩৮টি:

| ক্রম | প্রোডাকশনের নাম | কোর্সের নাম | ব্যাপ্তি | ধরণ |
|---|---|---|---|---|
| ০১ | মানিব্যাগ | ১ম টেলিভিশন অনুষ্ঠান ও বিভিন্ন প্লাটফর্মে কনটেন্ট নির্মাণ কোর্স | ১০ মি. ১৭ সে. | কাহিনীচিত্র |
| ০২ | মাটির সুর | ১ম টেলিভিশন অনুষ্ঠান ও বিভিন্ন প্লাটফর্মে কনটেন্ট নির্মাণ কোর্স | ১২ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ০৩ | অপেক্ষা | ২য় বেসিক ফিল্ম মেকিং কোর্স | ১০ মি. ৪০ সে. | কাহিনীচিত্র |
| ০৪ | আত্ম পরিচয় | ৬ষ্ঠ চিত্রনাট্য লিখন প্রশিক্ষণ কোর্স | ১১ মি. ১৭ সে. | কাহিনীচিত্র |
| ০৫ | নিরব যাত্রা | ৯ম চলচ্চিত্র ও টেলিভিশন অভিনয় প্রশিক্ষণ কোর্স | ০৭ মি. ৫৪ সে. | কাহিনীচিত্র |
| ০৬ | ছদ্মবাস | ৪র্থ চলচ্চিত্র ও টেলিভিশন সম্পাদনা প্রশিক্ষণ পাঠ্যধারা | ০৭ মি. ০০ সে. | কাহিনীচিত্র |
| ০৭ | সান্দার | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৯ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ০৮ | শিল্পীমন | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৯ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ০৯ | মুরিদ | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৯ মি. ৩৮ সে. | প্রামাণ্যচিত্র |
| ১০ | স্ক্রিনে বন্দি শৈশব | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ১১ মি. ৩৯ সে. | প্রামাণ্যচিত্র |
| ১১ | হোমসিক আবীর | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৯ মি. ২৩ সে. | প্রামাণ্যচিত্র |
| ১২ | সিডর | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৬ মি. ৫০ সে. | প্রামাণ্যচিত্র |
| ১৩ | বাংকার ইন দ্যা স্কাই | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৫ মি. ০০ সে. | কাহিনীচিত্র |
| ১৪ | কৃষ্ণপক্ষ শেষে | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ১১ মি. ০০ সে. | কাহিনীচিত্র |

27/07/2026

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | গারদ | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ২০ মি. ৪১ সে. | কাহিনীচিত্র |
| ১৬ | ব্যাঙ মফিজ | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৯ মি. ৫৬ সে. | কাহিনীচিত্র |
| ১৭ | শিকার | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ০৬ মি. ৫০ সে. | কাহিনীচিত্র |
| ১৮ | সাগর কন্যা | ৭ম চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতোকোত্তর ডিপ্লোমা কোর্স ৩য় সেমিস্টার প্রোডাকশন | ১৩ মি. ০০ সে. | কাহিনীচিত্র |
| ১৯ | মিন্তি | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ১৫ মি. ১৯ সে. | প্রামাণ্যচিত্র |
| ২০ | গহণাগ্রাম | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ১৩ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ২১ | রিসাইকেল লাইফ | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ০৮ মি. ৪৫ সে. | প্রামাণ্যচিত্র |
| ২২ | ফ্রেস ফর ব্রাদার্স | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ১৯ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৩ | বিভ্রম | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ১২ মি. ২৮ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৪ | ব্রাত্যজন | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ১০ মি. ৩১ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৫ | কমল | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ০৯ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৬ | রটনা | ৬ষ্ঠ প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স | ০৮ মি. ৩০ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৭ | চলচ্চিত্র যাত্রায় বিসিটিআই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৬ মি. ৩৭ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৮ | জুলাই যাত্রাবাড়ি | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৭ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ২৯ | জুলাই শহিদ | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৭ মি. ৩৭ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩০ | লালবাগের লাল বিদ্রোহ | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৭ মি. ৪১ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩১ | উত্তরের লাল জুলাই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ১০ মি. ৩১ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩২ | উত্তর বাংলার জুলাই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ১২ মি. ৫০ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩৩ | বাংলার জুলাই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৮ মি. ৪০ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩৪ | জুলাই যোদ্ধা | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৮ মি. ৩৪ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩৫ | সাগর পাড়ের জুলাই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৯ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩৬ | জুলাইনামা | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ০৮মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |
| ৩৭ | ৩৬ জুলাই | আহত জুলাই যোদ্ধাদের জন্য আয়োজিত কোর্স প্রোডাকশন | ৮০ মি. | পূর্ণদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র |
| ৩৮ | জননী | বিসিটিআই কর্তৃক নির্মিত | ১৫ মি. ০০ সে. | প্রামাণ্যচিত্র |

**[বি.দ্র: জুলাই শহীদ দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় যে ০৮টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রদর্শনের জন্য নির্বাচন করেছে, তন্মধ্যে বিসিটিআই নির্মিত ০৪টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র/ প্রামাণ্যচিত্র নির্বাচিত হয়েছে।]**

**বিসিটিআই একাডেমিক কাউন্সিল:**

- ❖ বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর ১৯ সদস্য বিশিষ্ট দুই বছর মেয়াদি একটি একাডেমিক কাউন্সিল ২৪ নভেম্বর ২০২৫ খ্রি: তারিখে সরকার গঠন করে দিয়েছে।
- ❖ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ নিসতার জাহার কবীর একাডেমিক কাউন্সিলের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

**জনবল কাঠামো:**

- ❖ বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের-এর সাংগঠনিক কাঠামোতে ৩৪ টি ক্যাটাগরিতে ৮৭টি পদ রয়েছে। কিন্তু হাইকোর্টে রীট মামলার কারণে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েও নিয়োগ করা যায়নি।
- ❖ প্রশাসন ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার স্বার্থে ০১জন প্রধান নির্বাহীর নেতৃত্বে ০২জন উপপরিচালক, ০২জন সহকারী পরিচালকসহ মোট ০৫(পাঁচ) জন কর্মকর্তা প্রেষণে কর্মরত রয়েছেন।

❖ এছাড়া দৈনিক হাজিরাভিত্তিক ২৭ (সাতাশ) জন অনিয়মিত শ্রমিক দিয়ে বিসিটিআইয়ের দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হচ্ছে। তাদের মজুরি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের মেয়াদ গত ৩০ জুন ২০২৬ খ্রি: তারিখে অতিক্রান্ত হয়েছে। অর্থ মন্ত্রণালয় নতুন করে তাদের অনুমোদনের মেয়াদ বৃদ্ধি করবে না বলে জানিয়েছে। তথাপি আরো একবছর মেয়াদ বৃদ্ধির জন্য বিসিটিআই এর অনুরোধের প্রেক্ষিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সুপারিশ করে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে।

**বিসিটিআইতে প্রশিক্ষণের বিষয়সমূহ:**

- চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স
- টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স
- অভিনয় প্রশিক্ষণ কোর্স
- প্রামাণ্যচিত্র নির্মাণ কোর্স
- চিত্রনাট্য লিখন কোর্স
- সিনেমা ক্যামেরা অপারেশন এন্ড লাইটিং টেকনিকস কোর্স
- এডভান্স সিনেমা ক্যামেরা অপারেশন এন্ড লাইটিং টেকনিকস কোর্স
- চলচ্চিত্র অনুধাবন কোর্স
- সম্পাদনা কোর্স
- শব্দগ্রহণ ও প্রয়োগ বিষয়ক ব্যবহারিক কোর্স
- বেসিক ফিল্ম কোর্স
- নির্বাচনী ইশতেহারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উল্লিখিত অংশগুলোর মধ্যে চলচ্চিত্র সংক্রান্ত বিষয়সমূহ
- সৃজনশীল অর্থনীতির বিকাশ সংক্রান্ত বিষয়সমূহ
- দেশীয় সংস্কৃতির বিকাশ ও ব্রান্ডিং বাংলাদেশ সংক্রান্ত বিষয়সমূহ
- টেলিভিশন কন্টেন্ট নির্মাণ সংক্রান্ত বিষয়াবলী

বিসিটিআই থেকে জুন ২০২৬ পর্যন্ত ১৩টি দীর্ঘমেয়াদি কোর্স এবং ৩৪টি স্বল্পমেয়াদি কোর্স মোট ১০৯০ জন প্রশিক্ষণার্থী সফলভাবে সম্পন্ন করেছেন। প্রশিক্ষণার্থদের কেউ কেউ চলচ্চিত্র মাধ্যমে সুনামের সাথে অবদান রেখে চলেছেন।

**বিসিটিআই-এর অন্যান্য কাজ ও প্রকাশনা :**

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট থেকে এ পর্যন্ত ৩২টি প্রকাশনা বের হয়েছে। তন্মধ্যে ২০২৫-২৬ অর্থবছরে ০১ টি বিসিটিআই পরিচিতি, জার্নাল ১৪-তম সংখ্যা, বিসিটিআই সংকলন বাংলা ০১টি ও ইংরেজি ০১টি সহ মোট ০৪(চার)টি প্রকাশনা প্রকাশ করা হয়েছে। বিস্তারিত নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রম | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ | ০৬টি |
| ০২ | জার্নাল | ১৪টি |
| ০৩ | পরিচিতিমূলক পুস্তিকা | ০২টি |
| ০৪ | সিটিজেনস চার্টার | ০১টি |
| ০৫ | স্মরণিকা | ০৪টি |
| ০৬ | স্যুভেনির | ০৩টি |
| ০৭ | বিসিটিআই সংকলন (বাংলা ও ইংরেজি) | ০২টি |
| | সর্বমোট = | ৩২টি |

২৭/০৭/২০২৬

**বিসিটিআই-এর নিজস্ব ক্যাম্পাস নির্মাণ প্রকল্প :**

**প্রকল্পের নাম:** 'মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) এর আধুনিক অবকাঠামো ও প্রশিক্ষণ যন্ত্রপাতি সুবিধা সংবলিত ক্যাম্পাস নির্মাণ'

জমির পরিমাণ : ৭.১২ একর

অবস্থান : ঢাকার কল্যাণপুরস্থ বাংলাদেশ বেতার থেকে প্রাপ্ত জমি, বর্তমান বিসিটিআই অফিসের পেছনে

প্রাক্কলিত ব্যয় : ১২৬২৫৯.২০ লাখ টাকা (গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ নির্মাণ ব্যয়ের হার অনুসারে এ ব্যয় বাড়তে পারে)

বাস্তবায়নকারী : বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)

- ❖ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রকল্প যাচাই কমিটির সুপারিশের আলোকে ভৌত অবকাঠামো নির্মাণ এবং কারিগরি যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনসহ পূর্ণাঙ্গ ডিপিপি প্রণয়ণ করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। একইসাথে বৈদেশিক সাহায্যের জন্য প্রকল্পের PDPP প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়ের সুপারিশসহ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

**প্রকল্পে অর্থায়নের ধরণ ও উৎস:**

- ❖ জিওবি (রাজস্ব এডিপি) /প্রকল্প সহায়তা (ঋণ /অনুদান) ১২৬২৫৯.২০ লক্ষ টাকা। এর মধ্যে অবকাঠামো নির্মাণ বাবদ প্রাক্কলিত ব্যয় ৮৬২৫৯.২০ লক্ষ টাকা এবং প্রশিক্ষণ যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন বাবদ প্রাক্কলিত ব্যয় ৪০০০০.০০ লক্ষ টাকা।

**সম্ভাব্য প্রকল্প বাস্তবায়নকাল:** ০১/০৭/২০২৬ খ্রি. হতে ৩০/০৬/২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছর।

**প্রকল্পের উদ্দেশ্য:**

- ➢ বাংলাদেশের চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পের দক্ষ তরুণ নির্মাতা ও কলাকুশলী সরবরাহের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে উল্লিখিত শিল্পের গুণগতমান উন্নয়ন এবং দেশীয় সংস্কৃতি নির্ভর চলচ্চিত্রকে আন্তর্জাতিক পর্যায়ে বিপনণের লক্ষ্যে মান উন্নীতকরণ এর মাধ্যমে সৃজনশীল অর্থনীতির বিকাশ ও প্রসারে ভূমিকা রাখা।

১. বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (BCTI)-এর একটি পূর্ণাঙ্গ স্থায়ী ক্যাম্পাস নির্মাণের মাধ্যমে পেশাগতভাবে দক্ষ ও প্রযুক্তিগতভাবে সমৃদ্ধ তরুণ জনশক্তি গড়ে তোলার মাধ্যমে চলচ্চিত্র শিল্পে প্রয়োজনীয় জনবল সরবরাহ করে বিদেশ নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা।

২. BCTI-এর প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীদের জন্য ডরমিটরি ও আবাসিক ভবন নির্মাণ এর মাধ্যমে দেশি-বিদেশি স্বনামধণ্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার মাধ্যমে বাংলাদেশে আন্তর্জাতিক মানের চলচ্চিত্র বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা ।

৩. প্রশিক্ষণ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করা।

**প্রকল্পের লক্ষ্যমাত্রা :**

১) ৪০৯৭০.০৫ বর্গমিটার বিশিষ্ট ২টি বেসমেন্ট সহ ১৩ তলা একাডেমিক এবং প্রশাসনিক ভবন নির্মাণ।

২) ২৮৪০০ বর্গমিটার বিশিষ্ট ১টি বেসমেন্ট সহ ১০ তলা শুটিং এবং সিনেপ্লেক্স কমপ্লেক্স নির্মাণ।

৩) ৯২৯.৯০ বর্গমিটার বিশিষ্ট প্লাজা এবং অ্যাম্ফিথিয়েটার নির্মাণ।

৪) ১৬৪.৬৮ বর্গমিটার বিশিষ্ট ৩টি সাব-স্টেশন এবং পাম্প হাউজ নির্মাণ।

৫) ১৫০৬৬.৬৫ বর্গমিটার বিশিষ্ট ১৩ তলা পুরুষ-মহিলা ডরমিটরি ভবন নির্মাণ।

৬) ৪৮৪১.০৮ বর্গমিটার বিশিষ্ট ১৩ তলা স্টাফ কোয়ার্টার ভবন নির্মাণ।

৭) ৬৮৯৪.৬৫ বর্গমিটার বিশিষ্ট ১৩ তলা অফিসার এবং টিচার্স কোয়ার্টার নির্মাণ।

**প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা :**

সাসটেইনেবল রিসার্চ এন্ড কনসালটেন্সি লিমিটেড (এসআরসিএল) প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে।

**প্রকল্প বাস্তবায়নে সুপারিশ :**

প্রস্তাবিত প্রকল্পটি কারিগরি দিক থেকে টেকসই, পরিবেশগত দিক থেকে প্রভাবমুক্ত, আর্থিক ও অর্থনৈতিক দিক হতে লাভজনক এবং সামাজিক দিক হতে সুবিধাসম্পন্ন। ফলস্বরূপ, উক্ত প্রকল্পটির সফল বাস্তবায়ন হলে সৃজনশীল, মেধাবী, দেশপ্রেমিক ও মানবিক মূল্যবোধে উদ্দীপ্ত জনগোষ্ঠী গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট একটি সহায়ক প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত হবে। দেশে সুস্থধারার চলচ্চিত্র নির্মাণকে উৎসাহিত করবে, বিশ্বের বুকে বাংলাদেশের চলচ্চিত্র ও টেলিভিশন মাধ্যমকে সুপ্রতিষ্ঠিত করবে।

**প্রকল্পের চ্যালেঞ্জসমূহ :**

**প্রতিষ্ঠানটির অগ্রায়নে চ্যালেঞ্জসমূহ মোকাবেলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনা ও বাস্তবায়ন প্রয়োজন। ইনস্টিটিউটের ভবিষ্যৎ পরিকল্পনায় নিম্নবর্ণিত চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:**

- জনবল নিয়োগ;
- বিসিটিআই-এর অবকাঠামো নির্মাণ প্রকল্প দ্রুত অনুমোদন ও বাস্তবায়ন;
- সাংগঠনিক কাঠামো সংশোধন;
- প্রকল্পের জায়গায় সীমানা প্রাচীর নির্মাণ;
- প্রশাসনিক ও প্রশিক্ষণ কাজের সুবিধার্থে শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধিকরণ;
- প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয় ও মেরামত; সর্বোপরি ইনস্টিটিউটের এতদ্বসংশ্লিষ্ট কোডে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান।

**প্রকল্পের সম্ভাবনা :**

- চলচ্চিত্র ও টেলিভিশন শিল্প সংশ্লিষ্ট নির্মাতা ও কলাকুশলীদের আন্দোলনের প্রতিফলন হিসেবে দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ।
- চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পকে দেশের অর্থনৈতিক উন্নয়নের মূলধারায় সংযোগ করা।
- সম্ভাবনাময় বিপুল সংখ্যক তারুণ্যশক্তিকে শিল্প সংস্কৃতি ও অর্থনৈতিক উন্নয়নের সাথে এগিয়ে নেওয়া এবং দেশের বেকার সমস্যা সমাধানে অবদান রাখা।
- চলচ্চিত্র ও টেলিভিশন শিক্ষাকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণ এবং বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার পাশাপাশি বৈদেশিক মুদ্রা আয়ে অবদান রাখা।
- চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পে সময়োপযোগী নির্মাতা ও কলাকুশলী তৈরির মাধ্যমে দেশের সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনের গ্রহণযোগ্যতা বৃদ্ধিকরণ।
- চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পে দেশ ও বিদেশে সমঝোতা স্মারকের মাধ্যমে এ শিল্প সংশ্লিষ্ট বৈশ্বিক পরিবেশ তৈরির দ্বারা দেশি ও বিদেশি প্রশিক্ষণার্থীদের জন্য সুযোগ তৈরিকরণ এবং বাংলাদেশের সাথে আন্তর্জাতিক পরিমণ্ডলের সুসম্পর্ক স্থাপন।
- অর্থনৈতিক আয়ের উৎস হিসেবে চলচ্চিত্র ও টেলিভিশন শিল্পকে সময়োপযোগী করে গড়ে তোলা।

২৭/০৯/২০২৬

**চলচ্চিত্র ক্ষেত্রে সরকারি অনুদান প্রাপ্তি :**

অন্যান্য বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত চলচ্চিত্র নির্মাণে সহায়তা প্রদানের লক্ষ্যে এ প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষক/শিক্ষার্থী বিভিন্ন ক্যাটাগরিতে অনুদান লাভ করতে সক্ষম হয়েছেন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- বিসিটিআইতে চলচ্চিত্র বিষয়ে নিয়মিত পোস্ট গ্রাজুয়েট বা মাস্টার্স কোর্স চালু করা।
- দেশের যে সকল বিশ্ববিদ্যালয়ে ফিল্ম ও মিডিয়া স্টাডিজ পড়ানো হয়, সেসকল বিশ্ববিদ্যালয়ের সাথে এমওইউ স্বাক্ষর করে তাদের ছাত্রদেরকে বিএফডিসির সহযোগিতায় বিসিটিআইতে কারিগরী ও বাস্তবধর্মী প্রশিক্ষণ প্রদান।
- বিদেশের স্বনামধণ্য ফিল্ম ইনস্টিটিউটগুলোর সাথে এমওইউ স্বাক্ষর করে বিসিটিআইয়ের প্রশিক্ষণার্থদের সেখানে প্রেরণ এবং সেসকল ফিল্ম ইনস্টিটিউট এর ফ্যাকাল্টিদের বিসিটিআইয়ের কোর্সে ক্লাস নেওয়ার ব্যবস্থা করা।
- ছাত্রদের কর্মসংস্থানের জন্য বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) সহ বিভিন্ন ক্ষেত্রে স্বনামধন্য চলচ্চিত্র নির্মাতাদের সাথে বাস্তব কাজের সুযোগ সৃষ্টি করা।
- চীন, জাপান, সুইডেনসহ বিভিন্ন দেশের সাথে বাংলাদেশের শিক্ষাবৃত্তির আওতায় বিসিটিআইয়ের ছাত্রদের বিদেশে কর্মশালা/ সেমিনার/ কোর্সে অংশগ্রহণের সুযোগ তৈরি করা।

২৯/০৯/২০২৪

**(আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন)**
প্রধান নির্বাহী
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)
ফোন: ০২-৫৫০৭৯৩৪০